গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৩০.১৯-১৭১ তারিখ: ০৮.০৫.২০১৯খ্রি.

বিষয়: চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন চাঁপাইনবাবগঞ্জ কামিল মাদ্রাসার সহকারী অ্যধাপক (আরবী) জনাব মোহাম্মদ সোহরাব আলী (ইনডেক্স নং-০৮২১৬৬) এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) চাঁপাইনবাবগঞ্জ কামিল মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদন তারিখ: ২৫.০৪.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন চাঁপাইনবাবগঞ্জ কামিল মাদ্রাসার সহকারী অ্যধাপক (আরবী) জনাব মোহাম্মদ সোহরাব আলী মাদ্রাসার গভর্ণিং বডি কর্তৃক সাময়িক বরখাস্ত থাকাকালীন ফেব্রুয়ারী/২০১৫ খ্রি: তারিখ হতে জুন/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করা হয়েছে।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, ২৪.০২.২০১৫ খ্রি. তারিখে গভর্ণিং বডি কর্তৃক সহকারী অ্যধাপক (আরবী) জনাব মোহাম্মদ সোহরাব আলীকে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে ০৮.০১.২০১৮ খ্রি: তারিখের গর্ভনিং বডির সভায় সহকারী অ্যধাপক (আরবী) জনাব মোহাম্মদ সোহরাব আলীর সাময়িক বরক্ষাস্তকরণ আদেশ প্রত্যাহার করা হয়।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদে উল্লেখ আছে "প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।"

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভূক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ, চাঁপাইনবাবগঞ্জ কামিল মাদ্রাসাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮.০৫.১৯
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

অধ্যক্ষ,
চাঁপাইনবাবগঞ্জ কামিল মাদ্রাসা।
ডাক ও উপজেলা: সদর, জেলা: চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন (৯ম তলা)সচিবালয় লিংক রোড ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।
৩। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
৫। সভাপতি, চাঁপাইনবাবগঞ্জ কামিল মাদ্রাসা, উপজেলা: সদর, জেলা: চাঁপাইনবাবগঞ্জ।
৬। অফিস কপি।